[redacted]

[redacted]

[redacted]

[

ক্রীড়া সংস্থার সদস্য জহুরুল ইসলাম। খেলায় প্রধান রেফারির দায়িত্ব পালন করেন যশোর থেকে আগত সাইফুল ইসলাম, সহকারী রেফারি ছিলেন বসির আহাম্মেদ ও মেহেদী হাসান এবং ৪র্থ রেফারি ছিলেন মাসুদুর রহমান। খেলার ধারাভাষ্যকার ছিলেন শিক্ষক মুস্তাফিজুর রহমান ও শামীম খান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি ও ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

গাংনীতে জনসচেতনতা বৃদ্ধিতে নারী সমাবেশ অনুষ্ঠিত

গাংনীতে উন্নত রাষ্ট্র ও জাতি গঠনে সমাজের প্রান্তিক পর্যায়ে মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতা, গুজব ও অপপ্রচার এবং বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মুক্ত মঞ্চে দিনব্যাপি নারী সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহযোগীতায় মেহেরপুর জেলা তথ্য অফিস এই নারী সমাবেশের আয়োজন করে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সাজিয়া সিদ্দিকা সেতু’র সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তানভীর হাসান, জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন প্রমুখ।

সমাবেশে শিক্ষার্থীদের সঞ্চালনায় শুভেচ্ছা বক্তব্য রাখেন, জোড়ুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জোড়পুকুরিয়া গ্রামের কৃতিসন্তান সোনালী ব্যাংকের কর্মকর্তা হাশেম উদ্দীন, সাহারবাটি ইউপি সদস্য সাহাবুউদ্দীন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ।

একইসাথে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা ,অভিভাবক বৃন্দ ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠানের ২য় পর্বে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সমাবেশের শুরুতেই প্রধান অতিথি জেলা প্রশাসক শামীম হাসান বিদ্যালয়ের শিক্ষার্থীদের খেলাধুলা সহ বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন এবং সন্তোষ প্রকাশ করেন।

গাংনীত আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

গাংনীতে ১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিবসহ নিহত সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৩১ আগস্ট) দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের উপদেষ্টা মণ্ডলীর সদস্য একরামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

এ সময় আরো উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি রেজাউল হক মাস্টার, উপ দপ্তর সম্পাদক মিজানুর রহমান হিরন,

মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আরিফুল ইসলাম সোবান, গাংনী উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক তৌহিদুল ইসলাম তৌহিদ, সদস্য সচিব জীবন আকবর গাংনী পৌর স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক রুবেল হোসেন, সদস্য সচিব আশিকুজ্জামান পিন্টু, উপজেলা কৃষকলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহামুদ হাসিব, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, গাংনী সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের সভাপতি শাহীন রেজা।

মুজিবনগরে বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, স্কুলের শিক্ষার্থীদের বিভিন্ন আবিষ্কার নিয়ে বিজ্ঞান উৎসব- ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার দুপুরে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এই বিজ্ঞান উৎসব অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে এই বিজ্ঞান উৎসবের উদ্বোধন করেন।

পরে বিজ্ঞান উৎসব স্থলে আলোচনা সভা পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতত্বে এবং সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন করিম, মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইজারুল ইসলাম। বিজ্ঞান উৎসবে উপজেলার বিভিন্ন বিজ্ঞানভিত্তিক প্রজেক্ট নিয়ে ৮টি স্কুল অংশগ্রহণ করে।

বিজ্ঞান উৎসবে অন্ধ মানুষদের জন্য ব্লাইন্ড সিগন্যাল চশমা তৈরি

করে প্রথম স্থান অধিকার করে বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়, দ্বিতীয় স্থান অধিকার করে মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়, তৃতীয় স্থান অধিকার করে মুজিবনগর আম্রোকানন মাধ্যমিক বিদ্যালয়।

বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার।

মেহেরপুরে নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের ত্রৈ-মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সকাল ১০ টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম ,মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম, মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ডের কাউন্সিলর মোঃ আল মামুন, নারী নেত্রী মোছাঃ রোজিনা খাতুন ও মীর ফারুক হোসেন।

সভার কার্যবিবরনী পাঠ করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার। মেহেরপুর সদর উপজেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যক্ত করা হয়।

এ ছাড়াও মেহেরপুর সদর উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ফোরাম এর সদস্যগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলায় নবযোগদানকৃত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সাথে দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধি ও সাংবাদিকগণের সাথে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ রেজাউল করিম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা নির্বাচন অফিসার নূর-উল্ল্যাহ, বীর মুক্তিযোদ্ধা নাসির উদ্দীন, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার ওসি অপারেশন নিরব, ব্রাকের জেলা স্বমন্বয়কারী (বিডিসি) মানিক ম্যাক্সিমিলিয়ান রুগা, পার-কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি

চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দ, সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, সীমান্তবর্তী এই উপজেলায় প্রচুর সম্ভাবনা রয়েছে, এর মধ্যে কৃষি অন্যতম। সীমান্তবর্তী উপজেলা হওয়ায় খুব সহজেই এখানে মাদক প্রবেশ করে, ক্রীড়া সাংস্কৃতিক খেলাধুলা এগুলো উঠে গেলে আমাদের যুব সমাজ মাদকের ভয়াল থাবায় ধ্বংস হয়ে যাবে, এদিকে নজর দেওয়া খুব প্রয়োজন। সরকারের সমস্ত রকম ভাতা, সরকারি যা কিছু বিতরণ করা হয় তার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বেশি বেশি বাজার মনিটরিং করতে হবে, কৃষক দাম পাচ্ছে কম, অথচ মধ্যস্থ ভোগী পাইকারি ও খুচরা বিক্রেতারা সুফল ভোগ করছে, কৃষকের উন্নতি না হলে দেশের উন্নতি হবে না। এই উপজেলার ভারী শিল্প কেরু এন্ড কোম্পানির দিকে সরকারি নজরদারী বারাতে হবে। কেরু এন্ড কোম্পানির নিজস্ব জমিতে আখ চাষ নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা উপজেলা মসজিদের কেয়ারটেকার মো: আসাদুজ্জামান। সমস্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

দামুড়হুদায় ডেঙ্গু সচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে ডেঙ্গু সহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ বিষয়ক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বেলা ১২ টার দিকে উপজেলার পরিষদ চত্ত্বরে থেকে

সড়ক পথ ধরে পথচারীদের গন্তব্যে পৌঁছতে পোয়াতে হচ্ছে জনদুর্ভোগ।এ কারণে উল্লেখিত স্থান গুলোতে ডাবের খোসা,মাটির হাঁড়ি সহ বিভিন্ন পাত্রে জমে থাকা পাত্রে ডেঙ্গু মশার লার্ভা তৈরির আশঙ্কা রয়েছেন।কাজেই তাদের দাবি মহামারি ডেঙ্গু প্রতিরোধে শুধূ সভা সমাবেশ করলেই হবে না সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি।

মেহেরপুরের আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আমঝুপিতে মাঠ দিবস অনুষ্ঠিত হয় বিকাল ৪ টায় অনুষ্ঠানের নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার কৃষি অফিসার আলমগীর হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারন অফিসার জাহিদ হাসান , অনুষ্ঠান সঞ্চালন করেন উপ সহকারি কর্মকর্তা আশরাফুল আলম।

প্রধান অতিথি তার বক্তব্যই বলেন নিরাপদ খাদ্য নিশ্চিত করতে কৃটনাশক ঔষধ ব্যবহার থেকে বিরত থাকার পরামর্শ দেন তার বিকল্প পথ হল ফেরোমন ফাঁদ তৈরি করে সবজি খেতে টাঙ্গানোর জন্য বলেন।

বিশেষ অতিথি বলেন রাসায়নিক সার অল্প ব্যবহার করেন এবং জৈব সার ব্যবহারে অধিক গুরুত্ব দেন এবং কৃষকভাইয়েরা অধিক ফলন পাবেন কৃষক প্রতিনিধি হিসেবে বক্তব্য রাখেন শহিদুল ইসলাম তার বক্তব্যে তিনি বলেন বর্তমানে লাউ চাষ করে সফলতা পেয়েছি এবং জৈব সার ব্যবহার করে অধিক ফলন পেয়েছি কৃষি কর্মকর্তাদের সহযোগিতা নিয়ে ফেরোমনফাঁদ তৈরি করে কৃটনাশক সবজি বাজারে রপ্তানি করেছি।বর্তমানে শহিদুল ইসলামের ৫ একর লাউ ক্ষেত আছে এবং সে ১৫ লক্ষ টাকার আশাবাদি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

২১আগস্ট গেনেড হামলায় নিহত সকল শহীদদের স্মরণে যথাযোগ্য মর্যাদায় স্মরণ সভা ও কর্মসূচি বাস্তবায়নে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল সাড়ে ৫টার দিকে দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের আয়োজনে এই প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজ চত্বরে প্রস্তুতিমূলক সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদ চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু। দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলামের সণ্চালনায় এসময় অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন সাধারণ সম্পাদক চেয়ারম্যান সোহরাব হোসেন, এসএএম জাকারিয়া আলম, আজিজুল হক আজিজ, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সিনিয়র সহসভাপতি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিকলীগের সভাপতি হাজী আব্দুল কাদির, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস।

এসময় আরো উপস্থিত ছিলেন নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক মোমিন, নাটুদাহ ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক রেজাউল করিম, হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, আওয়ামীলীগনেতা হাজী আমজাদ হোসেন, নুর আলম লাবলু, আবুল হাশেম, সিরাজুল ইসলাম, জোনাব আলী, শমশের আলী, ইমতিয়াজ হোসেন, ইউসুফ আলী ইছা, মোজাফফর হোসেন, কলম উদ্দীন, ইউপি সদস্য হাসান আলী, সামসুল ইসলাম, দামুড়হুদা উপজেলা যুবলীগ নেতা নিশান তরফদার, জামিরুল ইসলাম, রকিবুল হাসান, হেকমত আলী, শেখ হাফিজুর, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, কলেজ ছাত্রলীগের আহ্বায়ক শাহীন মোল্লা, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ প্রমুখ।